



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১৮.০০১.১৮- ১১৩১

তারিখঃ ০৭ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ।
২২ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়: রিট পিটিশন নং-৫০০৮/২০২১ এর আদেশ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসংগে।


সূত্র: বেগম মোনালিসা, পিতা-বীর মুক্তিযোদ্ধা এজিএম মুসা, গ্রাম-পুরাতন হাসপাতাল পাড়া, কুড়িগ্রাম এর আবেদন, তারিখ: ০৭/১০/২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম পৌরসভায় নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে বেগম মোনালিসা, পিতা-বীর মুক্তিযোদ্ধা এজিএম মুসা, গ্রাম-পুরাতন হাসপাতালপাড়া, কুড়িগ্রাম মুক্তিযোদ্ধার কোটায় আবেদন করেন। তিনি লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হন এবং তাকে চূড়ান্তভাবে নির্বাচিত করা হয়। কিন্তু তিনি একমাত্র মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সত্ত্বেও তাকে বাদ দিয়ে অন্যদের নিয়োগ প্রদান করা হয়। উক্ত বিষয়ে সংশ্লিষ্ট হয়ে তিনি মাননীয় আদালতে রিট পিটিশন নং-৫০০৮/২০২১ দায়ের করেন। উক্ত রিট মামলায় গত ০৭/০৬/২০২১ খ্রি: তারিখে শুনানী-অন্তে নিম্নোক্ত রুল ইস্যু করা হয় (সংযুক্তি-০১):

"Upon consideration of the said petition this Court doth order and do issue a Rule Nisi calling upon you the aforesaid respondents to show cause on or before the 05th day of July 2021, as to why the actions of the respondents in not issuing the appointment letter to the petitioners to join in the post of lower Division Assistant Cum Computer Operator in Kurigram Pourashava, Kurigram shall not be declared to be illegal and without any lawful authority and is of no legal effect and/or pass such other or further order or orders as to this Court may seem fit and proper."

০২। এমতাবস্থায়, নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে বেগম মোনালিসা এর আবেদনের সাথে সংযুক্ত রিট পিটিশন নং-৫০০৮/২০২১ এ ইস্যুকৃত রুলের জবাব মাননীয় আদালতে দাখিল করার জন্য এবং বেগম মোনালিসা এর মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের বিষয়ে বিধি মোতাবেক জরুরি কার্যক্রম গ্রহণ করে স্থানীয় সরকার বিভাগকে অবহতি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

কুড়িগ্রাম পৌরসভা
কুড়িগ্রাম।

অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। বেগম মোনালিসা, পিতা-বীর মুক্তিযোদ্ধা এজিএম মুসা, গ্রাম-পুরাতন হাসপাতালপাড়া, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।